বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
www.ecs.gov.bd

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর জন্য ০১ টি চেয়ার, ১ সেট সোফা (২+২+১/১+১+১+২), ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

কোটেশন নং ১৭.১০.০০০০.০০০.৭২.০০১.২৩- ৫৩২

তারিখঃ ০২ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট, ২০২৩ খ্রি.

প্রতি
.............................................
.............................................
.............................................
.............................................

১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর অনুকুলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর জন্য ০১ টি চেয়ার, ১ সেট সোফা ((২+২+১/১+১+১+২)), ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স এর জন্য বিস্তারিত বিনির্দেশনা, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা-এ প্রাপ্তি সাধ্য হবে।

৩. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ২৩ আগস্ট, ২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ২৩ আগস্ট, ২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে "আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা অফিসের ০১ টি চেয়ার, ১ সেট সোফা (২.২.১), ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের জন্য এর জন্য কোটেশন এবং দরপত্র ২৩ আগস্ট ২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৮. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ১৮০ (একশত আশি) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **০৫ (পাঁচ)** দিনের মধ্যে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর জন্য ০১ টি চেয়ার, ১ সেট সোফা (২.২.১), ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে।

১৭. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০২ (দুই)** দিনের মধ্যে জারী করা হবে।

১৮. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর:

১৬.০৮.২৩

নাম: মোঃ ফরহাদ হোসেন
পদবি: আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
তারিখ: ১৬/০৮/২০২৩খ্রি.।
ফোন নম্বর: ০২৩৩৪৪০২০৬৬
ই-মেইল: reocumilla@gmail.com

**বিতরণ:**

১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা[নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
২. জেলা প্রশাসক, কুমিল্লা।
৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা [নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ]।
৪. নোটিশ বোর্ড
৫. ..................................................।

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

# কোটেশন দাখিল পত্র

কোটেশন নং ১৭.১০.০০০০.০০০.৭২.০০১.২৩-

তারিখঃ ০২ ভাদ্র ১৪৩০
১৬ আগস্ট ২০২৩

প্রতি

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর জন্য ০১ টি চেয়ার, ১ সেট সোফা (২+২+১/১+১+১+২), ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [১৬/০৮/২৩০২৩] তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর:
তারিখ:

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নং ১৭.১০.০০০০.০০০.৭২.০০১.২৩- তারিখঃ ০২ ভাদ্র ১৪৩০ / ১৬ আগস্ট ২০২৩

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য (ভ্যাট ও প্রদেয় ট্যাক্সসহ) | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ১ | এক্সিটিউটিভ চেয়ার (ব্রান্ডেড) | টি | ০১ | | | | আঞ্চলিক নির্বাচন অফিসারের কার্যালয়, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা |
| ২ | ২ | সোফা (২+২+১/১+১+১ +২) (ব্রান্ডেড) | সেট | ০১ | | | | |
| ৩ | ৩ | কোট স্ট্যান্ড (ব্রান্ডেড) | টি | ০১ | | | | |
| ৪ | ৪ | রাউটার বক্স (কাঠের) | টি | ০১ | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য/সেবা প্রেরণের ঠিকানা: | আঞ্চলিক নির্বাচন অফিসারের কার্যালয়, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা |
| মোট মূল্য টাকায় (কথায়) | |
| প্রস্তাবিত সরবরাহ | ক্রয় আদেশ জারির তারিখ থেকে ০৭ (সাত) দিন |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | কাজ/সরবরাহ সম্পন্নের তারিখ থেকে ০১ ( এক) বছর |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [.................................] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ......................... তারিখ পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান (সামগ্রির তালিকা সংযুক্ত করত হবে ) | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ১. | এক্সিটিউটিভ চেয়ার (ব্রান্ডেড) হাতিল ফার্নিচার/ব্রাদার ফার্নিচার/আক্তার ফার্নিচার/দেশী যে কোন ব্রান্ড | | বাংলাদেশ | |
| ২. | ২. | সোফা (২+২+১/১+১+১+২) (ব্রান্ডেড) হাতিল ফার্নিচার/ব্রাদার ফার্নিচার/আক্তার ফার্নিচার/দেশী যে কোন ব্রান্ড | | বাংলাদেশ | |
| ৩. | ৩. | কোট স্ট্যান্ড (ব্রান্ডেড) | | বাংলাদেশ | |
| ৪. | ৪. | রাউটার বক্স (কাঠের) | | বাংলাদেশ | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী কাজ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ **কোটেশনদাতা** পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী **পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট** বিনির্দেশ **হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের** কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) **সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে।** বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত **সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সাম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।**

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

## আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর ০১ টি চেয়ার, ১ সেট সোফা, ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের জন্য ক্রয় আদেশ

ক্রয় আদেশ নম্বর: ১৭.১০.০০০০.০০০.৭২.০০১.২৩- তারিখ: ২৪ আগস্ট, ২০২৩

| | |
|---|---|
| **কোটেশন নম্বর:** | তারিখ : |
| **প্রতি:** | |
| **সরবরাহের তারিখ:** | ক্রয়াদেশকৃত মূল্য: |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **২৩ আগস্ট, ২০২৩** তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর ০১ টি চেয়ার, ১ সেট সোফা, ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের জন্য আপনার উদ্ধৃত ও অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করা হলো।<br><br>আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, কুমিল্লা এর ০১ টি চেয়ার, ১ সেট সোফা, ১টি কোট স্ট্যান্ড এবং ১টি রাউটার বক্স সরবরাহের জন্য অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করা হলো।<br><br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br>স্বাক্ষর:<br><br>নাম: মোঃ ফরহাদ হোসেন<br>পদবি: আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা<br>তারিখ: ২৪ আগস্ট, ২০২৩<br>ফোন নম্বর: ০২৩৩৪৪০২০৬৬<br>ই-মেইল: reocumilla@gmail.com |
| তারিখ: ২৪ আগস্ট, ২০২৩ |

<u>পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী</u>

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৫ (পাঁচ)) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে কাজ সমাপ্ত করতে হবে।
৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।
৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।
৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।
৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।
৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।
৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।
১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. মোট চুক্তি মূল্য টাকা ..................................[অংকে] .......................................................................[কথায় ]।
১২. **সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত সেবা/পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ যন্ত্রাংশসহ ০১ বৎসর।**
১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।
১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।
১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।
১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, মেরামতকারী/সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।
১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।
১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:
    ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (<u>পূর্ণাঙ্গ বিবরণ</u>) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।
    খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।
    গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।
২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রেতার জন্য | সরবরাহকারীর জন্য |
|---|---|
| নাম: মোঃ ফরহাদ হোসেন<br>পদবি: আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা<br>তারিখ: ২৪ আগস্ট, ২০২৩<br>ফোন নম্বর: ০২৩৩৪৪০২০৬৬<br>ই-মেইল: reocumilla@gmail.com | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: ২৪ আগস্ট, ২০২৩ | তারিখ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কোটেশনের মাধ্যমে পণ্য ক্রয়ের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ)
[অভ্যন্তরীণ ক্রয়]

(মূল্যসীমা ৫ লক্ষ টাকা পর্যন্ত)

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

মার্চ ২০২২ পিজি ১ (এসআরএফকিউ)

<u>কোটেশনের মাধ্যমে পণ্য ক্রয়ের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিলের ব্যবহার নির্দেশিকা</u>

১। কোটেশনের মাধ্যমে পণ্য ক্রয়ের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) ব্যবহার করিয়া স্বল্পমূল্যের সাধারণ, সহজলভ্য, ইতোমধ্যে প্রস্তুত পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য কোটেশন দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এই নির্দেশনাবলি প্রণয়ন করা হইয়াছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর সম্পূরক হিসাবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণের পরামর্শ প্রদান করা হইল। উক্ত আইন ও বিধিমালা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)-এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd) এ সহজে পাওয়া যাইবে। ক্রয়কারী এবং দরপত্রদাতা উভয়ই এই নির্দেশনাবলি অনুসরণ করিবে।

২। কোটেশন প্রদানের অনুরোধ-জ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীন ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ অনুসারে জারীকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ হইতে ৭৩ এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) জাতীয় উত্তমচর্চার (National Best Practices) উপর ভিত্তি করিয়া প্রণয়ন করা হইয়াছে, যাহা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সহিত সামঞ্জস্যপূর্ণ।

৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীন সংশ্লিষ্ট পণ্য ও সেবা ক্রয়ের জন্য একজন দরপত্রদাতা (সরবরাহকারী) নির্বাচনের ক্ষেত্রে, ক্রয়কারীকে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (এসআরএফকিউ) (পিজি ১) ব্যবহার করিতে হইবে।

৪। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(১) ও ৭১(২) অনুসারে চিঠি, ফ্যাক্স এবং ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (আরএফকিউ) আহবান করিতে হইবে। কোটেশন আহ্বান করিয়া কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হইবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারীকে তাহার নিজস্ব নোটিশ বোর্ডে বিজ্ঞাপন টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) বিজ্ঞাপনটি প্রকাশ করিতে হইবে এবং প্রচারের জন্য অনুরোধ করিয়া নিকটতম অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট প্রেরণ করিতে হইবে।

৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য দরপত্রদাতাদের 'বিনামূল্যে প্রদান' বা সহজে প্রাপ্তির ব্যবস্থা করিতে হইবে।

৬। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) অনুযায়ী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের সময়সীমা কোনো ক্ষেত্রেই ১০ (দশ) দিনের অধিক হইবে না।

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০ (৬) অনুসারে কোনো কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৮। কোটেশন দাখিল, উন্মুক্তকরণ ও মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭২ (১), বিধি ৭২(২) ও বিধি ৭৩(১) অনুসারে করিতে হইবে, যাহা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিবে।

৯। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০ (৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়কসমূহ পূর্বেই প্রকাশ করিতে হইবে।

১০। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৫) অনুসারে ইতোমধ্যে প্রস্তুতকৃত মানসম্মত স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কোটেশন সাধারণত 'একক দর' এর ভিত্তিতে হইবে।

১১। পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিনির্দেশ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৯ অনুসারে প্রণয়ন করিতে হইবে।

১২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ (৪) (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে বৃহদাকার ক্রয়কে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা যাইবে না।

১৩। মূল্যায়ন কমিটির সুপারিশ এবং উহা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩(৫) অনুসারে সফল দরপত্রদাতার অনুকূলে ক্রয় আদেশ জারি করিবে।

১৪। ওয়ারেন্টির সময়সীমা, প্রযোজ্য ক্ষেত্রে, সাধারণত ৩ হইতে ৬ মাস পর্যন্ত রাখা যাইবে।

১৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪৩ অনুসারে ক্রয়কারীকে ক্রয় প্রক্রিয়াকরণের রেকর্ড সংরক্ষণ করিতে হইবে।